গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
শরীয়তপুর
www.shariatpur.gov.bd

স্মারক নম্বর:-০৫.৩০.৮৬০০.০০৯.০২.০০১.২১- ২৮৭

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮
২৬ জুলাই ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা স্মারক নম্বর:-০৫.০০.০০০০.১৬৬.১১.০০৮.১৭-১২৮ তারিখ: ০৯ জুন ২০২১ এর ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলাপ্রশাসকের কার্যালয় ও সার্কিট হাউজ, শরীয়তপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | দপ্তরের নাম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলাপ্রশাসকের কার্যালয় শরীয়তপুর এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | ১১(এগারো)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| | | নিরাপত্তা প্রহরী | ০৯ (নয়)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০৪ (চার)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০২. | সার্কিট হাউজ, শরীয়তপুর | বেয়ারার | ০১ (এক)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| | | মালি | ০১ (এক)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক)টি | গ্রেড-২০, স্কেল-৮২৫০-২০০১০ | জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**আবেদনের শর্তাবলী:**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. জেলা প্রশাসন, শরীয়তপুর'র ওয়েব পোর্টাল www.shariatpur.gov.bd হতে ডাউনলোড করে জেলাপ্রশাসক, শরীয়তপুর বরাবর স্ব-হস্তে আবেদন ফরম পূরণ করে আগামী ৩১.০৮.২০২১ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর এর নেজারত শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

০৩. প্রার্থীর বয়স ৩১.০৮.২০২১ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪. আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (স্পষ্টাক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম (যদি থাকে) (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নোক্ত ছক মোতাবেক উল্লেখ থাকতে হবে:

| ক্রমিক নম্বর | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণি/ জিপিএ/সিজিপিএ | উত্তীর্ণ হওয়ার বছর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৫. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্তি করতে হবে:

(ক) সংশ্লিষ্ট পৌর মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(ঘ) প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) জেলাপ্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা হতে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ১০০/-(একশত) টাকার ট্রেজারি চালানের মূলকপি দাখিল করতে হবে।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ৯.৫″x৪.৫″ সাইজের ( ১০/-(দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ) একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

০৬. বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে আবেদনপত্রের সাথে বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতামহ/পিতামহি/মাতামহ/মাতামহি'র মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত কপি) সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেট/মুক্তিবার্তায় প্রকাশিত উক্ত বীর মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সম্বলিত তথ্যাদির কপিও দাখিল করতে হবে।

০৭. প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, শরীয়তপুর এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিম খানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি, আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে যাথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৮. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সীলমোহর থাকতে হবে।

০৯. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১০. কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১১. খামের উপর স্পষ্টাক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য)

১২. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪. আবেদনকারী কোনো তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোনো শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২২ জুলাই ২০২১

মোঃ পারভেজ হাসান
জেলাপ্রশাসক
শরীয়তপুর
ফোন: ০২-৪৭৮৮১৫১৮১
email:dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বরঃ-০৫.৩০.৮৬০০.০০৯.০২.০০১.২১- ২৮৭(১০০)/১

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৮
২৮ জুলাই ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৩। জেলাপ্রশাসক ..............................................(সকল)।

০৪। পুলিশ সুপার, শরীয়তপুর।

০৫। সিভিল সার্জন, শরীয়তপুর।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরীয়তপুর সদর/জাজিরা / নড়িয়া / ভেদরগঞ্জ/ ডামুড্যা / গোসাইরহাট, শরীয়তপুর।

০৮। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা / নড়িয়া / ভেদরগঞ্জ/ ডামুড্যা / গোসাইরহাট, শরীয়তপুর।

০৯। বিজ্ঞাপন ম্যানেজার, দ্য ডেইলি অবজার্ভার, ৯৩, মতিঝিল বা/এ (২য় তলা), ঢাকা-১০০০। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার সকল সংস্করণে ভিতরের পৃষ্ঠায় স্বল্প পরিসরে (সাদা কালো রঙে) আগামী ২৯.০৭.২০২১ তারিখের মধ্যে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত বিজ্ঞপ্তির ০৩(তিন) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার সকল সংস্করণে ভিতরের পৃষ্ঠায় স্বল্প পরিসরে (সাদা কালো রঙে) আগামী ২৯.০৭.২০২১ তারিখের মধ্যে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত বিজ্ঞপ্তির ০৩(তিন) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১। সহকারী প্রোগ্রামার, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর (উপরোক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

১২। নোটিশ বোর্ড, জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।

২৫ জুলাই ২০২১

মোঃ পারভেজ হাসান
জেলাপ্রশাসক
শরীয়তপুর
ফোন: ০২-৪৭৮৮১৫১৮১
email:dcshariatpur@mopa.gov.bd